

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়
সরদার টাওয়ার (৯ম তলা)
১ নং কাস্টমস ঘাট মোড়, খুলনা- ৯১০০
www.bbs.khulnadiv.gov.bd

নং-৫২.০১.৪০০০.০০০.০১.১১৪.২২-৪৪৫/৯

তারিখঃ ২৯ শ্রাবণ ১৪৩০
১৩ আগস্ট ২০২৩

বিষয়: শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন ও পরিবীক্ষণ কাঠামো প্রণয়নের লক্ষ্যে বিভাগীয় নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : মো: আক্তার হোসেন
যুগ্মপরিচালক, বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়, খুলনা
সভার তারিখ ও সময় : ১৩ আগস্ট ২০২৩ তারিখ সকাল ১১.৩০ ঘটিকা
সভার স্থান : সম্মেলন কক্ষ, বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়, খুলনা
আলোচ্য বিষয় : ১. শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন ও পরিবীক্ষণ
২. গত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা
সভায় উপস্থিতি : পরিশিষ্ট-ক

২। সভার প্রারম্ভেই সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়, খুলনা এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন ও পরিবীক্ষণে গত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনাসহ সংশ্লিষ্ট অন্যান্য কার্যাদি বিষয়ে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রম:	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভা (১.৩)	২০২৩-২৪ অর্থবছরের কর্মপরিকল্পনায় সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে প্রতি ত্রৈমাসিকে ১টি করে সভা আহবানের লক্ষ্যমাত্রা রয়েছে।	প্রতি ত্রৈমাসিকে অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে ১টি করে সভা আহবান করতে হবে।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা
২	বিভাগের আওতাধীন মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ত্রৈমাসিক প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান (১.৬)	বিভাগের আওতাধীন মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক নির্ধারিত সময়ে দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ২০২৩-২৪ অর্থবছরের ১ম ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের উপর ফিডব্যাক প্রদানের বিষয়ে সভায় আলোচনা হয়।	নির্ধারিত সময়ের মধ্যে বিভাগের আওতাধীন মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ১ম অগ্রগতি বাস্তবায়নের উপর ফিডব্যাক প্রতিবেদন প্রদান করতে হবে।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা
৩	২০২৩-২৪ অর্থ বছরের রাজস্ব এবং উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ (২.১)	২০২৩-২৪ অর্থবছরের কর্মপরিকল্পনায় রাজস্ব এবং উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা ৩১ জুলাই ২০২৩ সময়ের মধ্যে ওয়েবসাইটে প্রকাশের লক্ষ্যমাত্রা রয়েছে এবং ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশিত হয়েছে মর্মে সভায় আলোচনা হয়।	নির্ধারিত সময়ের মধ্যে ক্রয় কার্য সম্পাদন করতে হবে (বাজেট প্রাপ্তি সাপেক্ষে)	ফোকাল পয়েন্ট কর্মকর্তা এবং হিসাব শাখা

Amran

ক্রম:	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৪	বাজেট বাস্তবায়ন (২.৩)	বার্ষিক উন্নয়ন কর্মসূচির আর্থিক অগ্রগতি ১ম ত্রৈমাসিকে ২৫% নির্ধারণ করা হয়েছে। ২০২৩-২৪ অর্থবছরের কর্ম-পরিকল্পনা অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে সভায় আলোচনা হয়।	২০২৩-২৪ অর্থ বছরের ১ম ত্রৈমাসিক লক্ষ্যমাত্রা যাতে অর্জিত হয় সে বিষয়ে সচেতন থাকতে হবে। ১ম লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা এবং হিসাব শাখা
৫	কাজে স্বচ্ছতা আনয়নে মাঠ পর্যায়ে বিদ্যমান অফিস/ প্রকল্প কার্যক্রম তদারকি (৩.৩)	২০২৩-২৪ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুসারে মাঠ পর্যায়ে বিদ্যমান জেলা পরিসংখ্যান কার্যালয়ের কার্যক্রম তদারকির জন্য যুগ্মপরিচালক, বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়, খুলনা মহোদয় এ অর্থবছরে মোট ০৬টি অফিস পরিদর্শন করবেন মর্মে লক্ষ্যমাত্রা রয়েছে। তাঁর মধ্যে ১ম ত্রৈমাসিকে ২টি অফিস পরিদর্শন সম্পন্ন করার নিমিত্ত কর্ম-পরিকল্পনা অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে সভায় আলোচনা হয়।	কর্মপরিকল্পনা অনুযায়ী ১ম ত্রৈমাসিকে ২ টি অফিস পরিদর্শন সম্পন্ন করতে হবে।	যুগ্মপরিচালক
৬	বিবিধ	শুদ্ধাচার কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রমসমূহ যথাসময়ে বাস্তবায়ন পূর্বক প্রমাণকসমূহ বিভাগীয় পরিসংখ্যান অফিসে প্রেরণের বিষয়ে সভায় আলোচনা হয়।	নির্ধারিত সময়ের মধ্যে কার্যক্রমসমূহ বাস্তবায়ন পূর্বক প্রমাণকসমূহ বিভাগীয় পরিসংখ্যান অফিসে প্রেরণ করতে হবে।	জেলা পরিসংখ্যান কার্যালয় (সকল), এবং ফোকাল পয়েন্ট কর্মকর্তা

৪। পরিশেষে, আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন।


২৬/০৬/২০২৩

(মোঃ আক্তার হোসেন)

যুগ্মপরিচালক

০২৪৭৭৭২৬৬২৩

ইমেইল: jdkhulna40@gmail.com

বিতরণঃ কার্যার্থে-

- (০১) জনাব কমলাখি কুমার মন্ডল, পরিসংখ্যান তদন্তকারী, বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়, খুলনা
- (০২) জনাব মনোয়ারা খাতুন, পরিসংখ্যান তদন্তকারী, বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়, খুলনা
- (০৩) জনাব মো. জুলফিকার আলী, ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর, বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়, খুলনা
- (০৪) জনাব মোঃ হাসানুজ্জামান, প্রধান সহকারী, বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়, খুলনা

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে

- (০১) পরিচালক, এফএ অ্যান্ড এমআইএস উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭
- (০২) ফোকাল পয়েন্ট কর্মকর্তা, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭
- (০৩) অফিস কপি